

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৪৮

কমলপুর, ০৩ অক্টোবর, ২০২৪

কমলপুরে শচীন দেববর্মণ জন্মজয়ন্তী উদযাপন

কমলপুর নগর পঞ্চায়েত ও মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যৌথ উদ্যোগে গত ১ অক্টোবর কমলপুর নজরুল ভবনে কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন দুর্গা চৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভানু প্রতাপ লোধি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুর্গা চৌমুহনী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সৌমিত্র গোপ, কমলপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার, বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দাস প্রমুখ। অনুষ্ঠান উপলক্ষে শিল্পীগণ গান, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।
